বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

দৈনিক খবর

14

তারিখ ... 03 JUL 1988
পৃষ্ঠা ... ৪

# পথকলি ট্রাস্ট অনুমোদিত

বাসস জানায়, গতকাল রোববার পথকলি ট্রাস্ট গঠন করা হয়েছে। রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ ট্রাস্টের গঠন অনুমোদন করেছেন। নিজেদের অবস্থার উন্নয়নে নিয়োজিত দুঃস্থ ও অবহেলিত শিশুদের কল্যাণের লক্ষ্যে পথকলি ট্রাস্ট গঠন করা হয়। রাষ্ট্রপতি এরশাদ ট্রাস্ট অনুমোদন করে প্রস্তাবে স্বাক্ষর করেন। বেগম রওশন এরশাদ ট্রাস্টের চেয়ারপার্সন ও শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এটির ভাইসচেয়ারম্যান।

৭ সদস্য বিশিষ্ট ট্রাস্টের অন্যান্য সদস্যরা হলেন– ডঃ মিজানুর রহমান শেলী, এডভোকেট রেজাউর রহমান, জাতীয় পুরস্কারপ্রাপ্ত ফুটবলার সালাহউদ্দীন, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও একজন মহিলা প্রতিনিধি।

রাষ্ট্রপতি এরশাদের প্রত্যক্ষ উদ্যোগে এ ট্রাস্ট স্থাপিত হয়েছে। ট্রাস্ট মেডিকেল কেন্দ্র ও প্রশিক্ষণ কেন্দ্রের মত সকল পথকলি স্কুল ও অন্যান্য পথকলি প্রতিষ্ঠানসমূহের দায়িত্বভার নেবে এবং উপযুক্ত ব্যবস্থাপনার মাধ্যমে যথাযথভাবে এগুলো পরিচালনায় পদক্ষেপ নেবে। ট্রাস্ট সরকারী অনুদান, দেশে–বিদেশে জনহিতৈষী ব্যক্তি ও সংগঠনের কাছ থেকে এবং স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের মত বিভিন্ন সূত্র ছাড়াও ট্রাস্টের বিনিয়োগকৃত মুনাফা দিয়ে তহবিল গড়ে তুলবে। ট্রাস্টকে ফলপ্রসূ করে গড়ে তোলার লক্ষ্যে ট্রাস্ট তার তহবিল লাভজনকভাবে বিনিয়োগ করবে। পথকলিদের সার্বিক কল্যাণের লক্ষ্যে ট্রাস্ট প্রকল্প প্রস্তুত ও বাস্তবায়ন করবে।

ট্রাস্ট তার সকল স্থাবর–অস্থাবর সম্পত্তির উপযুক্ত রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করবে।

ট্রাস্ট গঠনকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি এরশাদ বলেন, সরকার ও সমাজের সর্বস্তরের জনগণের অবহেলিত ও দুঃস্থ শিশুদের লালন–পালনের ক্ষেত্রে বেশ কিছু সুনির্দিষ্ট দায়িত্ব রয়েছে।

তিনি শিক্ষা দানের লক্ষ্য পূরণের ওপর গুরুত্বারোপ করেন যা এসব অবহেলিত শিশুদের জীবনকে অর্থবহ করে তুলতে পারে। তিনি তাদের উপযুক্ত স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ দানের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন যাতে তারা নিজেদের পায়ে দাঁড়াতে এবং জাতীয় উন্নয়ন প্রচেষ্টায় অবদান রাখতে পারে।

রাষ্ট্রপতি ট্রাস্টের জন্য ১৫ লাখ টাকা অনুদান ঘোষণা করেন।

ট্রাস্টের প্রস্তাব স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এ মহৎ উদ্যোগ গ্রহণের জন্য রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানান।